বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার,
আলোকিত হোক সকল পরিবার।

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫১.০০১২.২৬.৭৮৭ তারিখঃ ২৬/০৪/২০২৬ খ্রি.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নিবন্ধিত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে 'শিক্ষানবিশ লাইনম্যান' পদে লোকবল নিয়োগের নিমিত্ত উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের পাশে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নঃ | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | বেতন স্কেল (পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | শিক্ষানবিশ লাইনম্যান | ১০৩৫ (এক হাজার পঁয়ত্রিশ) টি। নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম-বেশি হতে পারে। | ১৯/০৫/২০২৬ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে। পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন মিটার রিডার কাম ম্যাসেঞ্জারদের শিক্ষানবিশ লাইনম্যান হিসেবে নিয়োগের ক্ষেত্রে বয়স ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে। | ক) এসএসসি বা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। | ক) অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। কঠোর পরিশ্রমসহ বৈদ্যুতিক খুঁটি ও স্থাপনায় উঠা-নামায় সক্ষমতা থাকতে হবে। খ) অবশ্যই দৈহিক পরিশ্রম করার সদিচ্ছা ও স্বাভাবিক প্রবণতা থাকতে হবে। গ) কাজের মাধ্যমে শিক্ষণ এর আগ্রহ ও সক্ষমতা থাকতে হবে। ঘ) অবশ্যই শারীরিক উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ৩০ ইঞ্চি এবং স্ফীত অবস্থায় ন্যূনতম ৩২ ইঞ্চি হতে হবে। ঙ) ৭ মিনিটে ১ মাইল মিনি-ম্যারাথন দৌড় দিতে এবং প্যারালাল বার এ বিরতিহীনভাবে পর পর ন্যূনতম ৫ (পাঁচ) বার বুক পর্যন্ত উঠা-নামায় সক্ষম হতে হবে। চ) বিদ্যালয়ে শরীর চর্চা বিষয়ক ক্রীড়া কর্মে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | অন-প্রবেশন কালীন নির্ধারিত বেতন ১৫,৫০০/- (পনেরো হাজার পাঁচশত) টাকা তৎসহ বিধি অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৬,৬০০/- (ষোল হাজার ছয়শত) টাকা স্কেলে বেতন নির্ধারিত হবে। |

শর্তাবলিঃ-

০১। নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট হতে (সমিতির ওয়েব সাইট এর ঠিকানা সংশ্লিষ্ট সমিতি হতে সংগ্রহ করা যেতে পারে) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম-এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ শারীরিক পরীক্ষা/লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) এর ফটোকপি, নাগরিকত্ব সনদ এর ফটোকপি ও সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং ২০০.০০ (দুইশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, (ক্রমিক নং-১৩ এ উল্লিখিত নিজ জেলার সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি) -এর অনুকূলে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। কেবলমাত্র শারীরিক যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে লিখিত (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। লিখিত (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত (রচনামূলক) পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত (রচনামূলক) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে শূন্য পদের বিপরীতে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীদেরই কেবলমাত্র বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান করা হবে।

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। নিয়োগপ্রাপ্ত শিক্ষানবিশ লাইনম্যান নিজ জেলা ও নিজ সমিতির ভৌগোলিক এলাকা ব্যতীত যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদায়ন করা হবে।

১০। শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে শিক্ষাগত যোগ্যতার মূল কপি প্রদর্শন করতে হবে।

১১। সন্তোষজনক কর্মসম্পাদন ও আচরণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং মোটর সাইকেল চালানোর লাইসেন্স থাকা সাপেক্ষে নিয়মিতকরণ করা হবে।

**১২। শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীদের উপস্থিতির সময়, তারিখ ও আবেদনপত্রসহ উপস্থিতির স্থানঃ**

| ক্রঃ নং | উপস্থিতির সময় ও তারিখ | স্থান |
|---|---|---|
| ০১। | ১৯/০৫/২০২৬ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা। | ক্রমিক নং-১৩ এ বর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতিতে আবেদনপত্র ও চাহিত কাগজপত্রসহ উপস্থিত হবেন। |

১৩। নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ও চাহিত কাগজপত্রাদিসহ সকাল ৯:০০ ঘটিকায় উপস্থিত হবেনঃ

| ক্রঃ নং | প্রার্থীর নিজ জেলা | প্রার্থী যে সমিতিতে আবেদনপত্রসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা | ক্রঃ নং | প্রার্থীর নিজ জেলা | প্রার্থী যে সমিতিতে আবেদনপত্রসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, নবীনগর, ঢাকা। | ৩৩ | বাগেরহাট | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, মগরাহাট, বাগেরহাট। |
| ২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ। | ৩৪ | পঞ্চগড় | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৩ | টাংগাইল | টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাংগাইল। | ৩৫ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| ৪ | জামালপুর | জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর। | ৩৬ | দিনাজপুর | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ৫ | শেরপুর | শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর। | ৩৭ | নীলফামারী | নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী। |
| ৬ | ময়মনসিংহ | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ। | ৩৮ | লালমনিরহাট | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৭ | নেত্রকোনা | নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোনা। | ৩৯ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ৮ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ। | ৪০ | রংপুর | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর। |
| ৯ | গাজীপুর | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর। | ৪১ | গাইবান্ধা | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা। |
| ১০ | নরসিংদী | নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী। | ৪২ | জয়পুরহাট | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট। |
| ১১ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাঁইন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। | ৪৩ | নওগাঁ | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ। |
| ১২ | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ। | ৪৪ | বগুড়া | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, ছিলিমপুর, বগুড়া। |
| ১৩ | রাজবাড়ী | রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী। | ৪৫ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাহপাড়া আর/এস, সিরাজগঞ্জ। |
| ১৪ | ফরিদপুর | ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর। | ৪৬ | পাবনা | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা। |
| ১৫ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ। | ৪৭ | নাটোর | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর। |
| ১৬ | মাদারীপুর | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুস্তফাপুর, মাদারীপুর। | ৪৮ | রাজশাহী | রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা রাজশাহী। |
| ১৭ | শরীয়তপুর | শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, নড়বালাখানা, শরীয়তপুর। | ৪৯ | চাঁপাই নবাবগঞ্জ | চাঁপাই নবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাই নবাবগঞ্জ। |
| ১৮ | বরিশাল | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর (ক্যাডেট কলেজ), বরিশাল। | ৫০ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ওয়েজখালী, সুনামগঞ্জ। |
| ১৯ | ভোলা | ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলা বাজার, ভোলা। | ৫১ | সিলেট | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট। |
| ২০ | পটুয়াখালী | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। | ৫২ | মৌলভীবাজার | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| ২১ | বরগুনা | পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী। | ৫৩ | হবিগঞ্জ | হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। |
| ২২ | পিরোজপুর | পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর। | ৫৪ | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ২৩ | ঝালকাঠি | ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি, প্রতাপ, নলছিটি, ঝালকাঠি। | ৫৫ | কুমিল্লা | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিলা। |
| ২৪ | কুষ্টিয়া | কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া। | ৫৬ | চাঁদপুর | চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ২৫ | মেহেরপুর | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। | ৫৭ | লক্ষীপুর | লক্ষীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষীপুর। |
| ২৬ | চুয়াডাঙ্গা | মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। | ৫৮ | নোয়াখালী | নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী। |
| ২৭ | ঝিনাইদহ | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ। | ৫৯ | ফেনী | ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী। |
| ২৮ | মাগুরা | মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী, মাগুরা। | ৬০ | চট্টগ্রাম | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ২৯ | নড়াইল | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। | ৬১ | খাগড়াছড়ি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৩০ | যশোর | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর। | ৬২ | রাঙ্গামটি | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম। |
| ৩১ | সাতক্ষীরা | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা। | ৬৩ | বান্দরবান | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম। |
| ৩২ | খুলনা | খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা। | ৬৪ | কক্সবাজার | কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার। |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified
www.reb.gov.bd

২৬-৪-২৬
পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বাপবিবো/জন (২৬০৪-১৮০) ২০২৫-২০২৬
ডিসি-১১৭/২৬ (১৫"x৪)

"বিদ্যুৎ সাশ্রয় করি, সমৃদ্ধ দেশ গড়ি"

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৭.১২.০০০০.০২৫.১১.১৮৬.২৫-১৮৬৩

তারিখ : ২৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর ঢাকাস্থ সদর দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারবর্গের চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে খণ্ডকালীন ০১ (এক) জন মেডিক্যাল রিটেইনার (মহিলা) নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | সম্মানি ও সময় | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| মেডিক্যাল রিটেইনার | সর্বসাকুল্য মাসিক সম্মানি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সময় : অফিস সময়কালীন সকাল ৯:০০ ঘটিকা হতে ১:০০ ঘটিকা পর্যন্ত | ০১ (এক) টি (০১ জন মহিলা) | বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর। | সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রিসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ও বিএমডিসি'র রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/ এমআরসিপি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। |

আবেদনপত্র পরিচালক, কর্মচারী প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (২য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর কুরিয়ার/ডাকযোগে আগামী ০৪-০৫-২০২৬ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদন পদ্ধতি ও চাকুরী সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইটে www.reb.gov.bd পাওয়া যাবে।

(দিলরুবা শিরাজী)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified
www.reb.gov.bd

বাপবিবো/জন (২৬০৪-১৬৫) ২০২৫-২০২৬ ডিসি-২২৪/২৬ (৫"×৪)